মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তৃতীয় দিনের মত বাস ও ট্রাক চলাচল বন্ধ, যাত্রীদের দুর্ভোগ

সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে মেহেরপুর ও চুয়াডাঙ্গাতে তৃতীয় দিনের মতো যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রয়েছে।

পূর্ব ঘোষণা ছাড়াই সোমবার (১৮ নভেম্বর) দুপুর থেকে অনির্দিষ্টকালের জন্য বাস চলাচল বন্ধ করে দেন তারা।

তৃতীয় দিনে এর সাথে যুক্ত হয়েছে ট্রাক ও কাভার্ডভ্যান। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ ও দূরপাল্লার যাত্রীরা।

শ্রমিকরা জানায়, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন। এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।

চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, ‘শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।’

তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে।

সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীর বামন্দিতে তৃতীয় এজেন্ট ব্যাংকিং কেন্দ্র উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দিতে তৃতীয় এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়েছে।
গতকাল বুধবার সকালের দিকে আনুষ্ঠানিক ভাবে তৃতীয় এজেন্ট ব্যাংকিং উদ্বোধন করেন

ইসলামী ব্যাংক যশোর জোনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এন্ড হেড অফ জোন মিজানুর রহমান ফিতা কেটে এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন ঘোষণা করেন।

ইসলামী ব্যাংক মেহেরপুর শাখার এফএভিপি শাখা প্রধান জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পানি উন্নয়ন বোর্ডের সাবেক পরিচালক এম এ গনি, বামুন্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এজেন্ট সাজ্জাদ হোসেন পলাশ।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীতে কামরুজ্জামান বুড়ো স্মৃতি ফুুটবলে ওসমানপুর একাদশ চ্যাম্পিয়ন

মেহেরপুরের গাংনীতে কামরুজ্জামান বুড়ো স্মৃতি ফুুটবল টুর্নামেন্টে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার ওসমানপুর একাদশ চ্যাম্পিয়ন হয়েছে।

সোমবার বিকেলে গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত খেলায় মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ি একাদশকে ৩-১ গোলে পরাজিত করে ওসমানপুর একাদশ চ্যাম্পিয়ন হয়।

গাংনী ফুটবল একাডেমি আয়োজিত এ টুর্নামেন্টে ওসমানপুর একাদশের হয়ে সুমন ২টি ও মোহন ১টি গোল করে। বর্শিবাড়ি একাদশের হয়ে একমাত্র গোলটি করে সুজন।

কামরুজ্জামান স্মৃতি টুর্নামেন্টে ম্যান অব দ্যা সিরিজ ওসমানপুর একাদশের সুমন, ম্যান অব দ্যা ম্যাচ মোহন, সেরা গোল রক্ষকের পুরুস্কার পান ওসমানপুরের জাহিদুল ইসলাম।

খেলা পরিচালনা করেন আব্বাস আলি ও সহকারি রেফারি হিসেবে দ্বায়িত্ব পালন করেন মাহবুব হোসেন ও বিপ্লব। টুর্নামেন্ট পরিচালনা করেন রুবেল হোসেন ও আব্বাস আলী।

টুর্নামেন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মুক্তিযোদ্ধা ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি মকবুল হোসেন।

উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়মী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফিুকামাল পলাশের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামী লীগ নেতা ইয়াছিন রেজা, শহিদুল ইসলমা শাহ, উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফুহোসেন, কাউন্সিলর মিজানুর রহমান, সাবেক এমপির একান্ত সহকারি ও জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি সাহিদুজ্জামান শিপু, তুষার ইমরান প্রমুখ।

খেলা শেষে অতিথিরা খেলোয়াড়দের মাঝে চ্যাম্পিয়ন ও রানার্স আপদের মাঝে পুরুস্কার হিসেবে ছাগল ও ট্রফিুতুলে দেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে ছহিউদ্দিন ফাউন্ডেশন জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে ছহিউদ্দিন ফাউন্ডেশন শিক্ষা ও যুব ক্রীড়া চক্র জয় লাভ করেছে।

গতকাল বুধবার বিকালে অনুষ্ঠিত খেলায় ছহিউদ্দিন ফাউন্ডেশন শিক্ষা ও যুব ক্রীড়া চক্র গোলে ৭-০ গোলে মেহেরপুর অ্যাপোলো ক্রীড়া চক্র কে পরাজিত করে।

বিজয় দলের পক্ষে রোকন ৩টি, সজীব ২টি, বশির ১ টি এবং শিশির ১টি গোল করেন। খেলা পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু, ফারা হোসেন লিটন, তাদের সহযোগিতা করেন আব্দুল কুদ্দুস।

পরে, কিউট এর উদ্যোগে মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লিগে অংশগ্রহণকারী খেলোয়াড়দের মধ্যে কিউট সামগ্রী বিতরণ করা হয়েছে।

হ্যান্ডবল লিগে অংশগ্রহণকারী ক্লাব প্রতিনিধিদের হাতে কিউট সামগ্রী তুলে দেয়া হয়। রেফারি কামাল হোসেন মিন্টু, আব্দুল কুদ্দুস, ফারাহ হোসেন লিটন উপস্থিত থাকে ক্লাব প্রতিনিধিদের হাতে কিউট সামগ্রী তুলে দেন।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে মোনাখালীতে উঠান

বৈঠক অনুষ্ঠিত

মুজিবনগর মোনাখালীতে উপজেলা তথ্য আপা আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সকাল সাড়ে ১১ টায় মুজিবনগর মোনাখালী পূর্বপাড়া জীবননগর মহিলা বিষয়ক কর্মকর্তার বাড়িতে উঠান বৈঠকে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তানিয়া খন্দকার। মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান (মফিজ) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী। বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার রেজওয়ান আহাম্মেদ, মুজিবনগর উপজেলা আইসিটি অফিসার শ্যাম ঘোষ, জীবননগর মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা মিঠু।
অন্যদের মধ্যে উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, ইউপি সদস্য মফিজুর রহমান, সংরক্ষিত মহিলা সদস্য পারুল খাতুন, মোনাখালী ইউনিয়ন যুবমহিলা লীগের সভাপতি শিমুল রেজা, তথ্য সেবা সহকারী আর্জিনা খাতুন, শান্তনা আক্তার প্রমুখ।

-মুজিবনগর প্রতিনিধি

কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল বুধবার বিকাল ৩ ঘটিকার সময় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চত্তরে অনুষ্ঠিত হয়।
কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হোসেন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ০১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের

সহ- সভাপতি ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।
বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রহমতুল্লাহ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু, অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক জেলা পরিষদ প্রশাসক মাহফুজ্রু রহমান মঞ্জু। এসময় আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সিরাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, গোলাম ফারিক আরিফ। কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগ ডা. ফজলুল হক, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান রিপন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুগ্ম সম্পাদক শরীফ রতন, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি রুবাইত বিন আজাদ সুস্থির, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, কুড়ুলগাছি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রমজান, সাধারণ সম্পাদক ফারুক, সাংগঠনিক সম্পাদক আশরাফুল, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সহ-সভাপতি তুহিন, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, ফরহাদ হোসেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওসমান গনি।
পরে সভায় সর্বসম্মতি ক্রমে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাবিবুল্লাহ বাহারকে সভাপতি ও কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সরোয়ার হোসেন কে সাধারণ সম্পাদক করে নাম ঘোষণা করা হয়।

-কার্পাসডাঙ্গা প্রতিনিধি

হরিনাকুন্ডুতে বিশেষ অভিযানে দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে পুলিশ ও র্যাবের পৃথক অভিযানে ২ মাদক কারবারী আটক হয়েছে।
আটক মাদক কারবারীরা হলো-উপজেলার হরিশপুর গ্রামের রব্বানী মন্ডলের ছেলে বারেক আলী (২৮) ও পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার মোহাম্মদ জুমা গ্রামের আলী বক্সের ছেলে রেজাউল ইসলাম (৪৮)।
গতকাল বুধবার সকালে উপজেলা শহরের (লালনশাহ কলেজ) চাতাল মোড় এলাকা থেকে পুলিশ ও র্যাবের পৃথক দুটি টিম তাদেরকে গ্রেফতার করে। এ সময় তাদের কাছ থেকে ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। হরিনাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার সকালে তাদেরকে শহরের বৈঠাপাড়া গ্রামের চাতাল মোড় এলাকা থেকে তাদেরকে আটক করা হয়। আটক ব্যক্তিদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশ ও র্যাবের পৃথক দুটি মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে।

– হরিনাকুন্ডু প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তৃতীয় দিনের মত বাস ও ট্রাক চলাচল বন্ধ

সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে মেহেরপুর ও চুয়াডাঙ্গাতে তৃতীয় দিনের মতো যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রয়েছে। পূর্ব ঘোষণা ছাড়াই সোমবার (১৮ নভেম্বর) দুপুর থেকে অনির্দিষ্টকালের জন্য বাস চলাচল বন্ধ করে দেন তারা। তৃতীয় দিনে এর সাথে যুক্ত হয়েছে ট্রাক ও কাভার্ডভ্যান। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ ও দূরপাল্লার যাত্রীরা।

শ্রমিকরা জানায়, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন। এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।
চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, ‘শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।’
তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে।
সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।
– চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে সরকারি ভাবে আমন ধান সংগ্রহ শুরু

মেহেরপুরে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে সরাসরি আমন ধান সংগ্রহ শুরু হয়েছে।
গতকাল বুধবার দুুপুরে শহরের তাহের ক্লিনিক পাড়ায় সরকারি গুদামে ধান সংগ্রহের উদ্বোধন করেন জেলা প্রশাসক আতাউল গনি।
এ সময় সেখানে উপস্থিত ছিলেন জেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম। জেলার তিন উপজেলার কৃষকদের কাছ থেকে সরাসরি ৩ হাজার ২৮৮ মেট্রিকটন ধান সংগ্রহ করবে খাদ্য বিভাগ।
প্রতিটি কৃষক ৫০০ কেজি করে ধান দেওয়ার সুযোগ পাবে। কৃষক নির্বাচন করা হবে লটারির মাধ্যমে।
জেলা প্রশাসক বলেন, ধান সংগ্রহে কোন প্রকারের অনিয়ম বরদাস্ত করা

হবেনা। কেউ অনিয়ম করলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্তা নেওয়া হবে বলেও তিনি জানান।
– নিজস্ব প্রতিনিধি

দর্শনায় লবনের দাম বৃদ্ধি নিয়ে গুজব

দামুড়হুদা ইউএনও তড়িৎ পদক্ষেপ দর্শনাপ্রতিবেদকঃ চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় বিভিন্ন খুচরা ও পাইকারি বাজারে মঙ্গলবার সন্ধ্যায় লবণের দাম বৃদ্ধি পেয়েছে এমন ‘গুজব’ ছড়িয়ে পড়লে দর্শনার বিভিন্ন স্থানে অভিযান চালানো হয়েছে।

দামুড়হুদা থানার তদন্ত ওসি মো. জাহাঙ্গীর আলমের সাথে নিয়ে বিভিন্ন খুচরা ও পাইকারি বাজারে গিয়ে অধিক মূল্যে লবণ বিক্রি না করার জন্য ব্যবসায়ীদের সতর্ক করেন দামুড়হুদা ইউএনও।

জানা গেছে,দামুড়হুদা উপজেলার দর্শনায় পিঁয়াজের দর একটু নিয়ন্ত্রণে আসতে না আসতেই লবণের দাম নিয়ে চলছে ব্যবসায়ীদের তেলেসমাতি। লবণের দাম বেড়েছে খবর শুনে বিভিন্ন দোকানে ক্রেতারা সর্বনিম্ন ৫ কেজি থেকে সর্বোচ্চ ২০ কেজি করে লবণ ক্রয় করছেন।

এরই প্রেক্ষিতে দর্শনা রেলবাজার দোকান মালিক সমতির পক্ষ থেকে বাজারে মাইকিং করে লবণের দাম বৃদ্ধির বিষয়টি ‘গুজব’ বলে জনগণকে সচেতন করছে।

এর পরেও দর্শনা রেলবাজার সহ বাসস্ট্যান্ডে কিছু দোকানে অধিক মূল্যে লবণ বিক্রি হচ্ছে অভিযোগের প্রেক্ষিতে দামুড়হুদা ইউএনও এস এম মুনিম লিংকন তড়িৎ গতিতে দর্শনা বাজার পরিদর্শন।

করেন এবং ব্যবসায়ীকে অতিরিক্ত লবণ বিক্রি করতে সতর্ক ও জনগণকে লবণের দাম বাড়বে না বলে সান্ত্বনা দেন।যদি কেউ এমন গুজব ছড়ানোর অপচেষ্টা করে, তবে তাকে আইনের আওতায় আনা হবে।

তিনি আরও বলেন, ‘এ ধরণের গুজব বন্ধে প্রশাসন, সাংবাদিক ও

সুশীলসমাজের লোকজনকে এগিয়ে আসতে হবে।

- দর্শনা প্রতিনিধি